

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৩১.০৪.০৭৫.১৯-২১৪

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০


বিষয়: মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫...৩৪.০৪৩.১৬-২৩৭, তারিখ-২৪/০৮/২০২০ (সমন্বয় শাখা হতে প্রাপ্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭ আগস্ট ২০২০ তারিখের এ বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৩১.০৪.০৭৫.১৯-১৯৭ পত্র মোতাবেক মন্ত্রিসভা বৈঠকে গৃহীত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সংক্রান্ত, বিশেষত: ব্রিটিশ ও পাকিস্তান আমল এবং সামরিক শাসন আমলে ইংরেজিতে প্রণীত আইনসমূহ প্রয়োজনীয় সংশোধনক্রমে বাংলায় প্রণয়ন এবং অধ্যাদেশসমূহ যুগোপযোগী করে আইনে পরিণত করার বিষয়ে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়। উল্লেখ্য অদ্যবধি কোন কোন সংস্থা/ দপ্তর/ অধিদপ্তর/ বিশ্ববিদ্যালয় সমূহ কোন তথ্য প্রেরণ করেনি।

- ক. মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে তাঁর সংস্থা/ দপ্তর/ অধিদপ্তর/ বিশ্ববিদ্যালয়সহ কি কি অধ্যাদেশ আইনে রূপান্তর করা প্রয়োজন রয়েছে।
- খ. ইংরেজিতে প্রণীত কি কি আইন বাংলায় রূপান্তর ও সংশোধনের প্রয়োজন রয়েছে।
- গ. এ পর্যন্ত এ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- ঘ. এ সংক্রান্ত পেন্ডিং বিষয়ের তালিকা

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ের আলোকে ক্রমিক ক, খ, গ এবং ঘ এর প্রয়োজনীয় তথ্যাদি আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিরীক্ষা ও আইন অনুবিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহা: লিয়াকত আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৬১০৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সরকারী মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
১১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা।
১৩. রেজিস্ট্রার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
১৪. রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৬. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৭. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
১৮. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
১৯. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
২০. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সিনিয়র সহকারী সচিব (সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।